

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## খায়বর বিজয়ের পর (بعد فتح خيبر)

খায়বর বিজয় সম্পন্ন করার পর রাসূলুল্লাহ (ছাঃ) পার্শ্ববর্তী ইহূদী জনপদ ওয়াদিল কোরা(وَادِي الْقُرَى) এবং তায়মা (تَيْمَاء) এব দিকে মনোনিবেশ করলেন, যাতে এরা পরবর্তীতে মাথা চাড়া না দেয়। এদের সাথে আরবদের একটি দল গিয়ে মিলিত হয়েছিল।

(ك) ওয়াদিল কোরা জয়(فتح وادى القرى) : মুসলিম বাহিনী ওয়াদিল কোরা উপস্থিত হ'লে ইহুদীরা তীর নিক্ষেপ শুরু করল। তাতে মিদ'আম (مِدْعَم) নামক রাসূল (ছাঃ)-এর জনৈক গোলাম মৃত্যুবরণ করে। সাথীরা তাকে সম্ভাষণ জানিয়ে বলে ওঠেন, الْجَنَّةُ وَالَّذِي نَفْسِي, 'তার জন্য জারাত'। তখন রাসূল (ছাঃ) রাগতঃস্বরে বললেন, يَيْدِهِ إِنَّ الشَّمْلَةُ الَّتِي أَخَذَهَا يَوْمَ خَيْبُرَ مِنَ الْمَغَانِمِ، لَمْ تُصِبْهَا الْمَقَاسِمُ، لَتَشْتَعِلُ عَلَيْهِ نَارًا رَحْقَالِمَ 'কখনোই না। সেই সন্তার কসম! যার হাতে আমার জীবন, এই ব্যক্তি খায়বরের দিন গণীমত বল্টনের পূর্বেই তা থেকে একটা চাদর নিয়েছিল। সে চাদর এখন তার উপরে অবশ্যই আগুন হয়ে জ্বলবে'। একথা শুনে কেউ জুতার একটি ফিতা বা দু'টি ফিতা যা গোপনে নিয়েছিল, সব এনে রাসূল (ছাঃ)-এর নিকটে জমা দিল। রাসূল (ছাঃ) বললেন, এ ফিতা ছিল আগুনের'(مَنْ نَارِ) গ্রিণ্ডি টি আঁন্টিট বুণ্ডি তুণ্ডি তুণ্ডিট তুণ্ডি আগুনের') গ্রিটিট কুণ্ডিট তুণ্ডিট তুল্ডিট কুল্ডিট ক্রিন্ত তুণ্ডিট তুল্ডিল আগুনের'(১০০০ ক্রিটিট তুণ্ডিটিট তুণ্ডিটিটিটিল ক্রিটেট ক্রিটিল ক্রিটিল ক্রিটিল তুণ্ডিটিল ক্রিটিল ক্রিটিল ক্রিটিল ক্রিটিল ক্রিটিল ক্রিটেটিল ক্রিটিল ক্রেটিল ক্রিটিল ক্রি

এরপর ইহুদীদের নিকটে আল্লাহর রাসূল (ছাঃ) ইসলামের দাওয়াত দিলেন। তারা যথারীতি দাওয়াত প্রত্যাখ্যান করল। তাদের মধ্য হ'তে একজন এসে দ্বৈতযুদ্ধে আহবান করল। তখন রাসূল (ছাঃ)-এর পক্ষে যুবায়ের ইবনুল 'আওয়াম গিয়ে তাকে খতম করে দেন। এইভাবে তাদের ১১ জন পরপর নিহত হয়। প্রতিবারে দ্বৈতযুদ্ধের পূর্বে আল্লাহর রাসূল (ছাঃ) তাদেরকে ইসলাম কবুলের আহবান জানাতেন। কিন্তু তারা অহংকার বশে বারবার তা প্রত্যাখ্যান করত। এভাবে একদিন গত হ'ল। পরদিন রাসূল (ছাঃ) আবার গিয়ে তাদের দাওয়াত দিলেন। তখন তারা আত্মসমর্পণ করে এবং বহু গণীমত হস্তগত হয়। যা ছাহাবীগণের মধ্যে বন্টিত হয়। তবে জমি-জমা ও খেজুর বাগান ইহুদীদের নিকটে অর্ধাংশের বিনিময়ে রেখে দেওয়া হয়, যেমন খায়বরবাসীদের সাথে চুক্তি করা হয়েছিল।[2]

(২) তায়মা বিজয়(فتح تيماء): খায়বর ও ওয়াদিল কোরার ইহুদীদের শোচনীয় পরাজয়ের খবর জানতে পেরে তায়মার ইহুদীরা শক্তি প্রদর্শনের চিন্তা বাদ দিয়ে সরাসরি রাসূল (ছাঃ)-এর সাথে সির্দ্ধুক্তি করে।[3] যার ভাষ্য ছিল নিম্নরূপ-اللهِ لِبَنِي غَادِيَا أَنَّ لَهُمُ الذِّمَّةَ وَعَلَيْهِمُ الْجِزْيَةَ وَلا عَدَاءَ وَلا جَلاءَ اللَّيْلُ- "এ দলীল লিখিত হ'ল আল্লাহর রাসূল মুহাম্মাদের পক্ষ হ'তে বনু গাদিয়ার জন্য। তাদের জন্য রইল (আমাদের) যিম্মাদারী এবং তাদের উপরে রইল জিযিয়া। কোন শক্রতা নয়, কোন বিতাড়ন নয়। তাদের রাত্রি ও দিন হবে নিরাপদ'। চুক্তিনামাটি লিপিবদ্ধ করেন খালেদ ইবনু সাঈদ (রাঃ)।[4] চুক্তির ভাষা ও বক্তব্য অতীব চমৎকার ও সারগর্ভ, যা অনন্য ও অভূতপূর্ব।



খালেদ বিন সা'ঈদ ইবনুল 'আছ উমুভী ছিলেন ৪র্থ অথবা ৫ম মুসলিম। যিনি স্বপ্নে দেখেন যে, তাঁর পিতা তাঁকে অগ্নিকুন্ডে নিক্ষেপ করছেন এবং রাসূল (ছাঃ) তাঁকে দু'হাত ধরে সেখান থেকে উদ্ধার করেন। এ স্বপ্ন দেখে পরদিন তিনি আবুবকরের নিকটে চলে আসেন এবং বলেন, মুহাম্মাদ অবশ্যই আল্লাহর রাসূল। অতঃপর তিনি ইসলাম কবুল করেন। এ খবর জানতে পেরে তাঁর পিতা তাঁর খানা-পিনা বন্ধ করে দেন এবং তাঁর ভাইদেরকে তাঁর সাথে কথাবার্তা নিষিদ্ধ করে দেন। ফলে তিনি স্ত্রীসহ হাবশায় হিজরত করেন। সেখান থেকে জা'ফর বিন আবু ত্বালিবের সাথে খায়বরে এসে রাসূল (ছাঃ)-এর সাথে মিলিত হন। আবুবকর (রাঃ)-এর খেলাফতের শেষ দিকে আজনাদায়েন-এর যুদ্ধে তিনি শহীদ হন (আল-ইছাবাহ, খালেদ বিন সা'ঈদ ক্রমিক ২১৬৯)।

## ফুটনোট

- [1]. বুখারী হা/৪২৩৪; মুসলিম হা/১১৫; মিশকাত হা/৩৯৯৭, জিহাদ অধ্যায়-১৯, অনুচ্ছেদ-৭।
- [2]. যাদুল মা'আদ ৩/৩১৪; আল-বিদায়াহ ৪/২১৮; আর-রাহীরু ৩৭৮ পৃঃ।
- [3]. যাদুল মা'আদ ৩/৩৭৪; আল-বিদায়াহ ৪/২১৮।
- [4]. ইবনু সা'দ ১/২১৩; তিনি চুক্তিনামাটি বিনা সনদে বর্ণনা করেছেন; আর-রাহীক্ব ৩৭৮-৭৯ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5555

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন